ন্যাশনাল ইনষ্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)।
নয়ারহাট, সাভার, ঢাকা-১৩৫০

২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের বহিঃ নিরীক্ষার Terms of Reference:

১. প্রস্তাবিত ০৩ (তিন) অর্থ বছরের খসড়া হিসাব প্রণয়নপূর্বক দাখিল করার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিয়োগকৃত বহিঃ নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা কাজ সম্পন্ন করতে হবে।

২. নিরীক্ষাকালে আপত্তিযোগ্য বিষয়সমূহ অকুস্থলে মিমাংসার লক্ষ্যে ইনস্টিটিউট এর পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে। যে সমস্ত আপত্তি অকুস্থলে সুরাহা/মিমাংসাযোগ্য নয়, কেবলমাত্র ঐ সমস্ত আপত্তিই নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত হবে।

৩. ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের বহিঃ নিরীক্ষা কাজের ফি (ভ্যাট ও আয়করসহ) বাবদ ২,২৭,৭০০/- (দুই লক্ষ সাতাশ হাজার সাতশত) টাকা প্রদান করা হবে।

৪. নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য আপনার দপ্তরের নিরীক্ষক, কর্মকর্তা বা নিযুক্ত ব্যক্তিগণের ইনস্টিটিউটে যাতায়াত, থাকা, খাওয়া ও অন্যান্য কোন প্রকার খরচ ইনস্টিটিউট হতে প্রদান করা হবে না।

৫. হিসাব নিরীক্ষা কার্যক্রম শুরু করার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিরীক্ষা কার্য সম্পন্ন করে হিসাব বিবরণীসহ ০৪ (চার) কপি খসড়া নিরীক্ষা হিসাব ও প্রতিবেদন ইনস্টিটিউটের পরিচালক বরাবর পেশ করতে হবে।

৬. খসড়া প্রতিবেদন চুড়ান্ত করার লক্ষ্যে পূর্ব নির্ধারিত যে কোন তারিখ ইনস্টিটিউটের হিসাব কর্তকর্তার সভাপতিত্বে একটি যৌথ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন/সংযোগপূর্বক হিসাব ও প্রতিবেদন চূড়ান্ত করতে হবে।

৭. যৌথ আলোচনা অনুষ্ঠানের ০৭ (সাত) দিনের মধ্যে হিসাব বিবরণীতে লক্ষনীয় মন্তব্য এবং সমর্থন সূচক সকল তফসিল সমেত ০৮ (আট) সেট হিসাব ও প্রতিবেদন কম্পিউটারাইজড অপ-সেট পেপার ইনস্টিটিউটের পরিচালক, নিটার বরাবরে দাখিল করতে হবে।

৮. হিসাব নিরীক্ষা প্রচলিত বিধিবিধান , বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড (বিএএস) ও ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএএস) অনুযায়ী নিরীক্ষা কার্য সম্পন্ন এবং সংস্থার আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের সুপারিশসহ হিসাব চুড়ান্ত করতে হবে।

৯. হিসাব নিরীক্ষা সম্পর্কিত যাবতীয় পত্রাদি পরিচালক, নিটার বরাবরে প্রেরণ করতে হবে।

১০. নিরীক্ষাকালে বিদ্যমান নীতিমালা/নিয়মাবলী অনুসরন হয়েছে কিনা এতদসম্পর্কিত বিস্তারিত প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

১১. চুড়ান্ত নিরীক্ষা প্রতিবেদনের সাথে ০৮ (আট) কপি নিরীক্ষা বিল সংস্থার নিকট উপস্থাপন করতে হবে।

১২. চুড়ান্ত প্রতিবেদন গ্রহণযোগ্য বিবেচিত হওয়ার পর বিধিবিধান অনুযায়ী ট্যাক্স/ভ্যাট ইত্যাদি কর্তনপূর্বক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৩. সকল তথ্যাদি প্রফাইল আকারে দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

১৪. আলোচ্য দরপত্রে প্রস্তাবিত নিরীক্ষা ফি টাকা এবং কথায় শর্তবিহীন উল্লেখ করতে হবে।

১৫. কর্তৃপক্ষ কোন প্রকার কারন প্রর্দশন বা ব্যাখ্যা যে কোন দরপত্র গ্রহণ অথবা যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১৬. উল্লেখিত সময়ের হিসাব সমূহ ও রেকর্ড-পত্রাদি অত্র ইনস্টিটিউটে সংরক্ষিত রয়েছে বিধায় আপনার নিযুক্ত নিরীক্ষককে ইনস্টিটিইটে স্বশরীরে উপস্থিত হয়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।